



প্রিয় পিতামাতা অথবা অভিভাবক:

2019-2020 স্কুল বছরে আপনার সন্তানকে স্বাস্থ্য পরিষেবা (যেমন ওষুধ) অথবা পুনর্বাসন আইনের সেকশন 504-এর আওতায় বিশেষ সুবিধা লাভের অনুমোদন দেয়া হয়েছিল। প্রতিবছর NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশনের পরিষেবা এবং অথবা এবং/অথবা বিশেষ ব্যবস্থাসমূহের জন্য নতুন করে অনুমোদনের **বাধ্যবাধকতা** রয়েছে। আপনার সন্তানের যে এখনও পরিষেবা অথবা এবং/অথবা বিশেষ ব্যবস্থাসমূহের চাহিদা আছে, নতুন অনুমোদন স্কুলে সেটি নিশ্চিত করে। আপনার সন্তান যথাযথ পরিষেবা এবং/অথবা বিশেষ ব্যবস্থাসমূহ লাভ করুক এটি সেবিষয়টিও নিশ্চিত করে।

হালানাগাদকৃত মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফর্ম স্কুল নার্সকে জানিয়ে দেয় গত বছরে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনার সন্তানের ওষুধ অথবা চিকিৎসায় কোন পরিবর্তন করেছেন কি না। আপনার সন্তানকে সঠিক চিকিৎসাদানে স্কুল নার্সের এই তথ্যগুলি দরকার।

আপনার সন্তানের 504 প্লানে কোন পরিবর্তনের প্রয়োজন হলে হালানাগাদকৃত অ্যাকোমোডেশন রিকোয়েস্ট ফর্ম (বিশেষ ব্যবস্থার ফর্ম) স্কুল 504 টিমকে আবশ্যিক তথ্য প্রদান করে। যথাযথ ব্যবস্থা প্রদান করা হচ্ছে, সেটা নিশ্চিত করতে 504 টিম-এর জন্য এটা প্রয়োজন।

অনেক পিতামাতা তাদের সন্তানের বার্ষিক ও ক্যাম্প স্বাস্থ্য পরীক্ষার সময়সূচি বছরের এই সময়ে করিয়ে নেয়। আমরা আপনাকে আগামী স্কুল বছরের জন্য প্রস্তুত হতেও উৎসাহ প্রদান করছি। আপনার সন্তানের পরবর্তী ভিজিটের সময়, তার স্বাস্থ্য প্রযত্ন প্রদানকারীর কাছ থেকে আনুসঙ্গিক সংযুক্ত বিশেষ সুবিধার ফর্মগুলি পূরণ করিয়ে নিন। মেডিকেশন ফর্মের উপরের বাম কোণায় তার একটি বর্তমান ছোট ছবি লাগিয়ে দিতে পারেন। এতে আপনার সন্তানকে ঠিকভাবে চিনতে স্কুলের সুবিধা হবে।

আপনার সন্তান যাতে অনুমোদিত পরিষেবা 2020-2021 শিক্ষা বছরের শুরুতেই পায়, সেবিষয়টি নিশ্চিত করতে অনুগ্রহ করে 1 জুন, 2020 তারিখের মধ্যে বা যথাশীঘ্র সম্ভব পূরণকৃত ফর্মগুলি জমাদানের জন্য পরামর্শ দেয়া হচ্ছে।

- ডায়াবেটিস MAF ব্যতীত সকল মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফর্ম (MAFs) ডাকযোগে নিচের ঠিকানায় পাঠাবেন:

Director of Nursing  
New York City Department of Health & Mental Hygiene  
Office of School Health  
Gotham Center  
42-09 28<sup>th</sup> Street, CN-25  
Queens, New York 11101-4714

- অ্যাকোমোডেশন ফর্মগুলো (রিকোয়েস্ট ফর 504 অ্যাকোমোডেশন প্যারেন্ট ফর্ম, HIPAA এবং মেডিকেল অ্যাকোমোডেশন রিকোয়েস্ট ফর্ম) সরাসরি নিচের ঠিকানায় স্কুলের 504 কোঅর্ডিনেটরের কাছে ইমেইল করবেন:

(নাম) \_\_\_\_\_ বরাবরে

ইমেইল ঠিকানা: \_\_\_\_\_

বিনীত,